আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক

এবং

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ-এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন সংক্রান্ত

সমঝোতা স্মারক

জুলাই-১,২০১৫ হতে জুন ৩০, ২০১৬

সূচিপত্র

প্রতিষ্ঠানের কর্মসম্পাদনের সংক্ষিপ্ত চিত্র ০৩

প্রস্তাবনা ০৪

সেকশন ১:

- রূপকল্প (Vision).....০৫
- অভিলক্ষ্য (Mission) ০৫
- কৌশলগত উদ্দেশ্যসমূহ.....০৬
- কার্যাবলি ০৬

সেকশন ২:

- কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ:

ক) কৌশলগত উদ্দেশ্যসমূহ.....০৭

খ) আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ.....০৮

(Overview of the Performance of the Institutions).

- সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা
- সাম্প্রতিক বছর সমূহের (৩ বছর) প্রধান অর্জন সমূহ
- ভবিষ্যত পরিকল্পনা
- ২০১৫-১৬ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনাঃ

দীর্ঘদিন ধরে সমস্যাক্রান্ত এ ব্যাংকের তহবিল ঘাটতি নিরসন এবং low cost, no cost তহবিল সংগ্রহের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করা হয়েছে। ইতোমধ্যে বাংলাদেশ ব্যাংক থেকে ঋণ হিসাবে ১১৫ কোটি টাকা পাওয়া গেছে। এছাড়া কৃষি ভিত্তিক শিল্পে অর্থায়নের জন্য ২০ কোটি টাকা সরকারী তহবিল এর সাথে মূলধন খাতে ২৫ কোটি টাকা পাওয়া গেছে। সম্ভাব্য অন্যান্য উৎস থেকে তহবিল সংগ্রহের প্রচেষ্টা অব্যাহত আছে।

বর্তমানে আইটি খাত সবচেয়ে চ্যালেঞ্জ খাত হিসাবে চিহ্নিত। আইটি খাতে পিছিয়ে পড়া এ ব্যাংকের দৈন্যদশা নিরসন তথা ব্যাংকের সর্বস্তরে গতিশীলতা , স্বচ্ছতা ও জবাবদিহিতা আনয়নের লক্ষ্যে প্রধান কার্যালয়সহ ব্যাংকের সকল শাখায় অটোমেশন করার পরিকল্পনা গ্রহন করা হয়েছে। সেই লক্ষ্যে ইতিমধ্যে অটোমেশণ পরিকল্পনা প্রনয়ণ ও তা সুচারুভাবে বাস্তবায়নের জন্য ব্যাংকের একজন উর্দ্ধতন নির্বাহী, বাংলাদেশ ব্যাংক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, অটোমেশনে অভিজ্ঞতা সমৃদ্ধSCB এর প্রতিনিধি এবং ব্যাংকের আইটি এক্সপার্ট এর সমন্বয়ে একটি High Powered কমিটি গঠন করা হয়েছে।

অটোমেশন কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে ব্যাংকের সকল পর্যায়ের কর্মকর্তাদের পর্যায়ক্রমে কম্পিউটার প্রশিক্ষণ দেয়া হচ্ছে এবং তাদেরকে স্বল্প সুদে কম্পিউটার ঋণ প্রদান করা হচ্ছে।

সাম্প্রতিক বছর সমুহের (৩ বছর) প্রধান অর্জনসমুহঃ

উন্নত গ্রাহক সেবা প্রদান নিশ্চিত করণের মাধ্যমে শ্রেনীকৃত ঋণ ও চুক্তি ঋণ শূণ্যের কোটায় নামিয়ে আনার জন্য উদ্যোগ গ্রহন করা হয়েছে। ২০১৩-২০১৪ অর্থ বছরের চেয়ে ২০১৪-২০১৫ অর্থ বছরে ২০.৮৭ কোটি টাকা শ্রেনীকৃত ঋণ থেকে ৬.০১ কোটি টাকা হ্রাস পেয়ে ১৪.৮৬ কোটি টাকায় নেমে এসেছে।

লোকশানী শাখার সংখ্যা কমিয়ে এনে ব্যাংকের মুনাফা বৃদ্ধির পদক্ষেপ নেয়া হয়েছে। বিগত ২০১৩-২০১৪ অর্থবছরে লোকশানী শাখা ছিল ৪১টি, ২০১৪-২০১৫ অর্থবছরে তা হ্রাস পেয়ে ১৪ টি তে নেমে এসেছে।

২০১৩-১৪ অর্থ বছরে মুনাফার পরিমান ছিল ১০.৫১ কোটি টাকা, যা ২০১৪-১৫ অর্থবছরে ১৫.১৯ কোটি টাকায় উন্নীত হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ

ব্যাংকের জনবল এবং তহবিল ঘাটতি রয়েছে। ব্যাংকের নিজস্ব কোন ভবন নাই। ফলে প্রতি বছর ব্যাংকের ভাড়া খাতে প্রচুর অর্থ ব্যয় হয়। চ্যালেঞ্জগুলি মোকাবেলায় ব্যাংককে হিমসিম খেতে হচ্ছে।

ভবিষ্যৎ পরিকল্পনাঃ

- প্রায় ৬০ লক্ষ আনসার সদস্য/সদস্যাগণকে ব্যাংকের সেবার আওতায় আনয়ন করা।
- গ্রাহকদের চাহিদা মেটানোর পাশাপাশি ঋণ ঝুঁকি হ্রাস করার লক্ষ্যে উদ্ভাবনী পণ্য সৃষ্টি ও পণ্য বহুমূখীকরণে উদ্যোগ গ্রহন করা হয়েছে।
- ব্যাংকের জনবল বৃদ্ধির জন্য মন্ত্রনালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে।
- ব্যাংকে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতাবৃদ্ধির লক্ষ্যে অর্থ মন্ত্রনালয়ের সাথে কেপিআই এবং লক্ষ্যমাত্রা অনুযায়ী বার্ষিক জনপ্রতি ১০০ ঘন্টা শ্রমঘন্টা প্রশিক্ষণ প্রদানের পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন চলমান রয়েছে।
- স্বল্পব্যয়ী হাউজিং প্রকল্পে ঋণ দিয়ে ব্যাংকের গ্রাহককে আবাসনের ব্যবস্থা করা।
- ব্যাংকিং কার্যক্রম সর্ব সাধারনের জন্য উন্মুক্তকরণ করার পরিকল্পনা গ্রহন করা হয়েছে।
- বিদেশ থেকে রেমিট্যান্স প্রবাহ বৃদ্ধির লক্ষে রেমিট্যান্স হাউজ প্রতিষ্ঠাকরণের মহাপরিকল্পনা রয়েছে।

২০১৫-২০১৬ অর্থ বছরে সম্ভাব্য অর্জন সমূহঃ

- ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা ১০০ ভাগ নিশ্চিত করণের জন্য প্রয়োজনীয় তহবিলের সংস্থান করা হয়েছে।
- কেপিআই লক্ষ্যমাত্রা অর্জনে সর্বাত্নক প্রচেষ্টা অব্যাহত রয়েছে।
- জাতীয় শুদ্ধাচারের ব্যাপক প্রসারের পরিকল্পনা রয়েছে।
- অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মান উন্নয়ন প্রচেষ্টা অব্যাহত থাকবে।
- সিটিজেন চার্টার যথাযথভাবে অনুসরনের প্রচেষ্টা থাকবে।
- দৃষ্টিনন্দন ও তথ্যবহুল ওয়েবসাইট সংযোজন করার প্রচেষ্টা নেয়া হয়েছে।
- এ ব্যাংকের গ্রাহক সেবা আনসার ভিডিপি সদস্যের দোরগোড়ায় পৌছার লক্ষ্যে এ অর্থবছরে অন্যূন ৩১টি শাখা খোলার প্রচেষ্টা নেয়া হবে।

প্রস্তাবনা (Preamble)

আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংকের এর প্রতিনিধি হিসাবে চেয়ারম্যান, বোর্ড অব ডিরেক্টর ও ব্যবস্থাপনা পরিচালক

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এর মধ্যে ২০১৫ সালের অক্টোবর মাসের ১২ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন সংক্রান্ত সমঝোতা স্মারক স্বাক্ষরিত হল।

এই সমঝোতা স্মারকে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমুহে সম্মত হলেনঃ

সেকশন ১:

প্রতিষ্ঠানের রূপকল্প(Vision), অভিলক্ষ্য(Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ(Strategic Objectives) এবং কার্যাবলী(Functions)

১.১ রূপকল্প (Vision)ঃদেশের সার্বিক আর্থ-সামাজিক উন্নয়ন, জনকল্যাণমূলক উন্নয়ন কর্মকান্ডে নেতৃত্বদান, দেশের অভ্যন্তরীণ আইন শৃংখলা রক্ষায় বিজিবি ও পুলিশ বাহিনীকে সহায়তা প্রদান, দুর্যোগ মোকাবেলা এবং সাহায্য সহযোগিতা প্রদানের জন্য আনসার ও গ্রাম প্রতিরক্ষা দল গঠন করা হয়েছে। এদের সদস্য সংখ্যা প্রায় ৬০ লক্ষ, যার অর্ধেক নারী। এদের অধিকাংশই হতদরিদ্র, নিম্নবিত্ত, মধ্যবিত্ত এবং আর্থিক দিক দিয়ে পিছিয়ে পড়া। তাদের দারিদ্র বিমোচন, আত্মনির্ভরশীলতা অর্জন, নারীর ক্ষমতায়ন এবং অর্থনৈতিক উন্নতির লক্ষ্যে আনসার-ভিডিপি উন্নয়নব্যাংক প্রতিষ্ঠিত হয়।দারিদ্র বিমোচন, নারীর ক্ষমতায়ন, অর্থনৈতিক উন্নয়নের মাধ্যমে ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের দেশ, ২০৩০ সালের মধ্যে দারিদ্র মুক্ত দেশ গঠন পূর্বক SDGs অর্জন তথা ২০৪১ সালের মধ্যে সমৃদ্ধ বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে যথাযথ ব্যাংকিং কর্মকান্ড চালিয়ে যাওয়াই এ ব্যাংকের ভিশন। আনসার ও ভিডিপি সদস্য/সদস্যার পাশাপাশি অদূর ভবিষ্যতে সাধারন জনগনের দোরগোড়ায় ব্যাংকিং কর্মকান্ড পৌঁছে দেয়ার অভিযাত্রায় সফলকাম হওয়ার ভিশন রয়েছে এ ব্যাংকের।

১.২ অভিলক্ষ্য **(Mission)ঃ**

- অধিক সংখ্যক আনসার ভিডিপি সদস্য ও সদস্যা/ শেয়ার হোল্ডারদের ব্যাংক কার্যক্রমের আওতায় আনয়নের লক্ষ্যে শাখা বৃদ্ধি।
- ব্যাংকের মুনাফা বৃদ্ধি।
- শেয়ার হোল্ডারদের লভ্যাংশ প্রদানকরা।
- অর্থনৈতিকভাবে স্বাবলম্বী হয়ে এ ব্যাংটিকে একটি Vibrant এবং Financialy sound ব্যাংক হিসাবে গড়ে তোলা।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)ঃ

১.৩.১ প্রতিষ্ঠানের কৌশলগত উদ্দেশ্যসমূহঃ

- ঋণ ঝুঁকি কমানোর জন্য বাজার ও ঋণ গ্রহিতাদের চাহিদা মোতাবেক নতুন প্রকল্পস্থাপন করা।
- যে সকল স্থানে আনসার কেন্দ্রীভূত সে সকল স্থানে নতুন শাখা খোলার উদ্যোগ গ্রহন করা।
- দ্রুত অটোমেশনের মাধ্যমে শাখার তথ্য বিন্যাস করা এবং MIS শক্তিশালী করা।
- অন লাইনের মাধ্যমে সকল যোগাযোগ প্রযুক্তি স্থাপন করা যাতে ডাক খরচ সাশ্রয় হয়।
- তহবিল ঘাটতি নিয়ন্ত্রন এবং Low cost, no costতহবিল সংগ্রহে পদক্ষেপ গ্রহন করা।
- অটোমেশন কার্যক্রম সুক্ষ্মভাবে পরিচালনার লক্ষ্যে ব্যাংকের সকল কর্মকর্তাদের প্রশিক্ষন এবং স্বল্প সুদে কম্পিউটার ঋণ প্রদান করা।
- উন্নত গ্রাহক সেবা প্রদান করে শ্রেনীকৃত ঋণ ও চুক্তি ঋণ শুন্যের কোটায় নামিয়ে আনা।
- লোকসানী শাখা কমিয়ে ব্যাংকের মুনাফা বৃদ্ধির পদক্ষেপ নেয়া।
- খেলাপী ও মেয়াদোত্তীর্ণ ঋণ আদায় প্রধান কার্যালয়ের ব্যবস্থাপনা পরিচালকসহ সকল কর্মকর্তাদের শাখা মনিটরিং এর দায়িত্ব প্রদান করা।
- শাখার পরিচিতির জন্য ডিজিটাল সাইনবোর্ড স্থাপন করা।

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহঃ

- মানি লন্ডারিং বিষয়ে শাখাকে সতর্ককরণ এবং এ বিষয়ে শাখায় পুস্তিকাদি সরবরাহ।
- জাতীয় শুদ্ধাচার নীতি এবং নৈতিকতা বাস্তবায়নে শুদ্ধাচারভিত্তিক প্রশিক্ষন প্রদান।
- যে সকল ঋণের আনসার সদস্য সদস্যা কেন্দ্রীভুত তথায় শাখা স্থাপন।
- ব্যাংকের কর্মকর্তাদের দেশে-বিদেশে প্রশিক্ষণ প্রদান।
- স্বচ্ছ ঋণ দান কর্মসূচী এবং উদ্যোক্তা প্রশিক্ষণ প্রদান।
- আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যদের প্রশিক্ষন সমাপনী দিবসে আগ্রহী সদস্যদের মাঝে ঋণ বিতরন।

১.৪ব্যাংকের কার্যাবলী (Functions)ঃ

বর্তমানে ব্যাংকে ২১৯ টি শাখা ১৬টি আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে আমানত সংগ্রহ ও ঋণদান কার্যক্রম পরিচালিত হচ্ছে।

আমানত ও স্কীম সমূহ ঃ

ক) সঞ্চয়ী আমানত	চ) এসটিডি আমানত	ট) নারী আমানত
খ) গ্রুপ সঞ্চয়	ছ) আমানত দ্বিগুন বৃদ্ধি প্রকল্প	ঠ) প্রবাস আমানত
গ) এসডিপিএস	জ) হজ্জ সহায়ক ডিপোজিট স্কীম	ড) স্বল্প মেয়াদি আমানত
ঘ) এফডিআর	ঝ) লাখপতি ডিপোজিট স্কীম	
ঙ) চলতি আমানত	ঞ) ক্ষুদ্র সঞ্চয়/বিশেষ সঞ্চয়	

ব্যাংকের ঋণের খাতসমূহ ঃ

১। ক্ষুদ্র ঋণ	১৪। মৎস্য চাষ (চিংড়ী ও অন্যান্য মাছ) ঋণ
২। কৃষি ভিত্তিক শিল্পের চলতি মূলধন/ব্যবসায় নগদ ঋণ	১৫। গবাদী পশু ও গাভী পালন প্রকল্প ঋণ
৩। এসএমই খাতে চলতি মূলধন/ব্যবসায় নগদ ঋণ	১৬। গরু মোটাতাজাকরণ ঋণ
৪। "একটি বাড়ি একটি খামার সমন্বিত কৃষি ঋণ"	১৭। পোল্ট্রি (ব্রয়লার/লেয়ার) প্রকল্প ঋণ
৫। পার্সোনাল লোন	১৮। চলতি মূলধন ঋণ (ক্যাশ ক্রেডিট ঋণ)
৬। গ্রামীণ পরিবহন (অটো রিক্সা/থ্রি হুইলার) ঋণ	১৯। কৃষি যন্ত্রপাতি ক্রয় ঋণ
৭। আনসার ভিডিপি প্রণোদনা কৃষিভিত্তিক ঋণ	২০। আনসার সদস্যদের মোটর সাইকেল ক্রয় ঋণ
৮। অংগীভুত আনসার ঋণ	২১। হালকা যানবাহন ঋণ
৯। সৌরবিদ্যুৎ স্থাপন ঋণ	২২। আনসার-ভিডিপি গৃহ নির্মাণ ঋণ
১০। বায়োগ্যাস প্ল্যান্ট ঋণ	২৩। নারী আত্মকর্মসংস্থান ঋণ
১১। উত্তরণ ঋণ	২৪। কম্পিউটার ঋণ
১২। আনসার অফিসার গৃহ নির্মাণ ঋণ	২৫। আমানতের বিপরীতে ঋণ।
১৩। বিদেশ গমন ঋণ	

সেকশন-২(ক) ঃ কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার কর্ম সম্পাদন সূচক, কার্যক্রম এবং লক্ষ্যমাত্রাসমূহ।

ব্যাংকের নাম ঃ আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক এর কৌশলগত উদ্দেশ্যসমূহ

টাকার অংক কোটিতে

ক্রঃ নং	ইন্ডিকেটর	একক	২০১৩-১৪ এর অর্জন	২০১৪-১৫ এর অর্জন	২০১৫-১৬ এর লক্ষ্যমাত্রা	২০১৬-১৭ এর লক্ষ্যমাত্রা	২০১৭-১৮ এর লক্ষ্যমাত্রা	Weight Factor
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
১	মোট ঋণ বিতরণ(কর্মচারী ঋণ ব্যতীত)							
	ক) বিতরণ	কোটি টাকায়	২৯১.৩৪	৩৪৪.৬৮	৩৭৫.০০	৫০০.০০	৫২০.০০	১০
	খ) ঋণের স্থিতি	কোটি টাকায়	২৮৯.৭৫	৩৩৯.৬৩	৪০০.০০	৪৮০.০০	৫০০.০০	
২	লোকসানী শাখার সংখ্যা হ্রাসকরণ	শতকরা হিসাবে	২১%	৬%	৪%	২%	০%	৫
৩	ঋণ আদায়ের হার (কর্মচারী ঋণ ব্যতিত)							
	ক) লক্ষ্যমাত্রা	কোটি টাকায়	৩৫৫.০০	৩৩৫.০০	৩৬০.০০	৪২০.০০	৫০০.০০	
	খ) হার	শতকরা হিসাবে	৮৫.০৩%	১০৩.৬৩%	১০০%	১০০%	১০০%	৯
৪	শ্রেণীকৃত ঋণের স্থিতি	কোটি টাকায়	২০.৮৭	১৪.৮৬	১৩.০০	১১.০০	১০.০০	৮
৫	শ্রেণীকৃত ঋণ হতে নগদ আদায়	কোটি টাকায়	৯.৮৪	৮.৪০	৯.০০	১০.০০	১১.০০	৩
৬	ঋণ প্রদানের হার (মোট বিতরণের তুলনায়)							
	ক) দুগ্ধ উৎপাদন খাতে	শতকরা হিসাবে	৬.৬৫%	৭.১৭%	৮%	৯%	১০%	৫
	খ) অন্যান্য গবাদি পশু সম্পদ খাতে	শতকরা হিসাবে	৪.৫০%	৬.২০%	৮%	১০%	১২%	৫
	গ) চিংড়ী ও অন্যান্য মৎস্য চাষ খাতে	শতকরা হিসাবে	২.৩৭%	৩.৮২%	৪%	৬%	৮%	৩
৭	প্রভিশন সংরক্ষণের হার	শতকরা হিসাবে	১০০%	১০০%	১০০%	১০০%	১০০%	১০
৮	অডিট ও পরিদর্শন আপত্তি নিষ্পত্তির হার							
	ক) নিরীক্ষা আপত্তি	শতকরা হিসাবে	১৩%	৭১%	৭২%	৭৫%	৮০%	৫
	খ) বাংলাদেশ ব্যাংক পরিদর্শন আপত্তি	শতকরা হিসাবে	৫৫%	৮৭%	৯০%	৯৫%	১০০%	৩
৯	মামলা নিষ্পত্তির হার	অর্থ ঋণ ও অন্যান্য	২০%	২৬%	২৬%	৩০%	৩৫%	৩
১০	কর ও প্রভিশন পরবর্তী মুনাফা	কোটি টাকায়	৩.৪৬	৬.৯৭	৫.০০	৬.০০	৭.০০	৬
১১	অটোমেশন/কম্পিউটার বিতরণ	সংখ্যা	৪৩	১১১	১৫০	২০০	২৫০	১০
							Total Weight Factor	৮৫

সেকশন – ২ খ

দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

কলাম-১	কলাম-২	কলাম-৩	কলাম-৪		কলাম-৫	কলাম-৬ লক্ষ্যমাত্রার মান (২০১৫-২০১৬)				
কৌশলগত উদ্দেশ্য (strategic objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic objectives)	কার্যক্রম (objectives)	কর্মসম্পাদন সূচক (performance Indicator)	একক (unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI)	অসাধারণ (Excellent)	অতি উত্তম (Very good)	উত্তম (good)	চলতি মান (Fair)	
						১০০%	৯০%	৮০%	৭০%	
দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন	৩	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সাক্ষর	নির্ধারিত সময় সীমার মধ্যে চুক্তি সাক্ষরিত	তারিখ	১	১৫ অক্টোবর	১৯ অক্টোবর	২২ অক্টোবর	২৬ অক্টোবর	
		বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তাবায়ন পরিবীক্ষণ	দাখিলকৃত অর্ধবার্ষিক ও ত্রৈমাসিক প্রতিবেদন	সংখ্যা	১	৫	৪	৩	-	
		মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন সংক্রান্ত সমঝোতা স্মারক স্বাক্ষর	সমঝোতা স্মারক স্বাক্ষর সংক্রান্ত পরিপত্র জারিকৃত	তারিখ	১	২৮ এপ্রিল ২০১৬	৫ মে ২০১৬	১২ মে ২০১৬	১৯ মে ২০১৬	
দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন	৩	কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ আয়োজন	প্রশিক্ষনের সময়	জনঘন্টা	১	৬০	৫৫	৫০	৪৫	
		জাতীয় সুদ্ধাচার কৌশল বাস্তবায়ন	দপ্তর /সংস্থায় নৈতিকতা কমিটি গঠিত	তারিখ	১	২৯ অক্টোবর	০৮ নভেম্বর	১৫ নভেম্বর	২২ নভেম্বর	
			দপ্তর/সংস্থায় শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রণীত	তারিখ	১	১ ডিসেম্বর	৭ ডিসেম্বর	১৪ ডিসেম্বর	২১ ডিসেম্বর	
তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য বাস্তবায়ন	২	তথ্য প্রকাশ নির্দেশিকা বাস্তবায়ন	মন্ত্রণালয়ের তথ্য প্রকাশ নির্দেশিকা অনুসারে তথ্য প্রকাশিত	%	১	১০০	৯৫	৯০	৮৫	
		আওতাধীন দপ্তর/সংস্থায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ	দপ্তর/সংস্থার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও যোগাযোগের ঠিকানার সংকলন ওয়েবসাইটে প্রকাশিত	তারিখ	০.৫	১৫ অক্টোবর	২৯ অক্টোবর	১৫ নভেম্বর	৩০ নভেম্বর	
		দপ্তর/সংস্থার বার্ষিক প্রতিবেদন প্রণয়ন	দপ্তর/সংস্থার বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত	তারিখ	০.৫	০১ নভেম্বর	০৮ নভেম্বর	১৫ নভেম্বর	২২ নভেম্বর	
উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন	৫	পরিবর্তিত ফরম্যাটে মন্ত্রণালয়/বিভাগ এবং মাঠপর্যায়ের দপ্তরসমূহের সিটিজেনস চার্টার প্রণয়ন	পরিবর্তিত ফরম্যাটে দপ্তর/সংস্থার সিটিজেনস চার্টার ওয়েবসাইটে প্রকাশিত	তারিখ	১	০১ নভেম্বর	০৮ নভেম্বর	১৫ নভেম্বর	২২ নভেম্বর	
		অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন	দপ্তর/সংস্থার অভিযোগ প্রতিকার ফোকাল পয়েন্ট নিয়োগকৃত	তারিখ	১	০১ নভেম্বর	০৮ নভেম্বর	১৫ নভেম্বর	২২ নভেম্বর	
			নাগরিকের নিকট হতে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তিকৃত	%	১	৯০	৮০	৭০	৬০	
		সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন	দপ্তর/ সংস্থার কমপক্ষে একটি করে অনলাইন সেবা চালুকৃত	তারিখ	১	০১ জুন ২০১৬	০৮ জুন ২০১৬	১৫ জুন ২০১৬	২২ জুন ২০১৬	
			দপ্তর/সংস্থার কমপক্ষে একটি করে সেবাপ্রক্রিয়া সহজীকৃত	তারিখ	১	০১ জুন ২০১৬	০৮ জুন ২০১৬	১৫ জুন ২০১৬	২২ জুন ২০১৬	
আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন	২	বাজেট বাস্তবায়ন কমিটির কর্মপরিধি যথাযথভাবে অনুসরণ	বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (Budget Implementation Plan) প্রণীত ও দাখিলকৃত ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন	সংখা	১	৫	৪	৩	২	
		অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন	বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত	%	১	৫০	৪৫	৪০	৩৫	

আমি চেয়ারম্যান, **মইনুল ইসলাম** বোর্ড অব ডিরেক্টরস এবং আমি ব্যবস্থাপনা পরিচালক **মোহম্মদ শামস্-উল ইসলাম** আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক এর প্রতিনিধি হিসাবে ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিবের নিকট অঙ্গিকার করিতেছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকিব।

আমি সচিব, ড. এম আসলাম আলম ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রীর প্রতিনিধি হিসাবে **মইনুল ইসলাম** চেয়ারম্যান, বোর্ড অব ডিরেক্টরস এবং ব্যবস্থাপনা পরিচালক **মোহম্মদ শামস্-উল ইসলাম** এর নিকট অঙ্গিকার করিতেছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা করিব।

সচিব ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ অর্থ মন্ত্রণালয়	চেয়ারম্যান বোর্ড অব ডিরেক্টরস আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান	ব্যবস্থাপনা পরিচালক আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক
সাক্ষী		
মোঃ ফজলুল হক অতিরিক্ত সচিব ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ অর্থ মন্ত্রণালয় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ অর্থ মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা	আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক প্রধান কার্যালয়, রাজারবাগ, ঢাকা	তপন কুমার সাহা উপ-মহাব্যবস্থাপক আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক প্রধান কার্যালয়, ঢাকা
ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ অর্থ মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা	আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক প্রধান কার্যালয়, রাজারবাগ, ঢাকা	মোঃ আঃ মান্নান-১৮৩ প্রিন্সিপাল অফিসার ঋণ আদায় উপ-বিভাগ

তারিখঃ ১২/১০/২০২৫